

ছাত্রদল ও সমন্বিত শিক্ষার্থী জোটের ইশতেহার ঘোষণা

জাবি প্রতিনিধি

০৮ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেরসময়



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও ২১টি হল নির্বাচনে আট দফা ইশতেহার দিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল সমর্থিত প্যানেল। গত শনিবার দুপুর ১২টায় অদম্য-২৪ স্তরের সামনে এক সংবাদ সম্মেলনে ভিপি প্রার্থী শেখ সাদী হাসান ইশতেহার ঘোষণা করেন। প্রচারণার নবম দিনে এ ইশতেহার প্রকাশ করা হয়। এ সময় জিএস প্রার্থী তানজিলা হোসাইন বৈশাখী, পুরুষ যুগ্ম সম্পাদক প্রার্থী সাজ্জাদউল ইসলাম,

নারী যুগ্ম সম্পাদক প্রার্থী আনজুমান আরা ইকরা উপস্থিত ছিলেন। এদিকে গতকাল রবিবার ছাত্রশিবির সমর্থিত ‘সমন্বিত শিক্ষার্থী জোট’ প্যানেলও ৯ দফা ইশতেহার ঘোষণা করেছে। ছাত্রদলের ইশতেহারের আট দফা হলো- আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা ও গবেষণা; শিক্ষাবান্ধব, নিরাপদ, মুক্ত ও বৈচিত্র্যময় ক্যাম্পাস; পরিকল্পিত আবাসন ও খাবারের উন্নত মান নিশ্চিতকরণ; নারী শিক্ষার্থীদের জন্য নিরাপদ শিক্ষাঙ্গন ও স্বাস্থ্য সুরক্ষা; মানসম্মত স্বাস্থ্যসেবা; সুসমন্বিত পরিবহন ব্যবস্থাপনা; ক্রীড়াচর্চা ও সাংস্কৃতিক বৈচিত্র্য; পরিবেশ-প্রতিবেশ সংরক্ষণ ও প্রাণীবান্ধব ক্যাম্পাস।

এ সময় শেখ সাদী হাসান বলেন, আমাদের ইশতেহারে শিক্ষার্থীদের আশা ও আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে। আমরা এ প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করব। তিনি আরও কিছু প্রতিশ্রুতি দিয়েছেন। সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো- ক্লাস-পরীক্ষা একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী হবে। নিয়মিত জাকসু নির্বাচন ক্যালেন্ডারে যুক্ত করা হবে। কারিকুলাম আন্তর্জাতিক মানে উন্নীত করা হবে। প্রথম বর্ষে ইংরেজি কোর্স চালু করা হবে। আন্তর্জাতিক মানের ভাষা শিক্ষা ইনস্টিটিউট গড়া হবে। শিক্ষক নিয়োগে মেধা ও যোগ্যতাকে গুরুত্ব দেওয়া হবে। বিদেশে উচ্চশিক্ষার জন্য স্বল্প সুদে ব্যাংক লোন সুবিধা আনার চেষ্টা করা হবে। এ ছাড়া গেস্টরুম-গণরুম সংস্কৃতি, র‍্যাগিং, দখলদারত্ব ও সহিংসতা বন্ধ করা হবে। চিকিৎসা কেন্দ্র আধুনিকীকরণ, সার্বক্ষণিক ডাক্তার-নার্স, অ্যাম্বুলেন্স ও ফার্মেসি সেবা চালু। ক্যাম্পাসের সবুজ পরিবেশ ও বিলুপ্তপ্রায় উদ্ভিদ-প্রাণী সংরক্ষণ করা।

তানজিলা হোসাইন বলেন, আমরা গুম, খুন ও দমন-নিপীড়নের বিরুদ্ধে লড়েছি। আমরা চাই একটি সুন্দর ক্যাম্পাস ও ভালো বাংলাদেশ। শিক্ষার্থীরা যেন স্বাধীনভাবে ভোট দিতে পারেন, সেটি নিশ্চিত করতে হবে।

সমন্বিত শিক্ষার্থী জোট প্যানেলের ইশতেহার ঘোষণা

জাকসু নির্বাচনে ৯ দফা ইশতেহার ঘোষণা করেছে ছাত্রশিবির সমর্থিত ‘সমন্বিত শিক্ষার্থী জোট’ প্যানেল। গতকাল রবিবার দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের বটতলায় এ ইশতেহার ঘোষণা করেন প্যানেলের সহ-সভাপতি (ভিপি) প্রার্থী আরিফ উল্লাহ। এ সময় প্যানেলটির সাধারণ সম্পাদক (জিএস) প্রার্থী মাজহারুল ইসলাম, পুরুষ এজিএস প্রার্থী ফেরদৌস আল হাসান, নারী সাধারণ সম্পাদক প্রার্থী আয়েশা সিদ্দিকা মেঘলাসহ সব প্রার্থী উপস্থিত ছিলেন।

ইশতেহারে পাঁচটি ‘হ্যাঁ’ ও ‘না’কে অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েছে প্যানেলটি। পাঁচটি হ্যাঁ হলো- ডাইনিংয়ে ভুতুর্কি আদায়, অভ্যন্তরীণ পরিবহন সমস্যা সমাধান, অটোমেশন, পূর্ণাঙ্গ মেডিক্যাল ও প্রাণ-প্রকৃতি রক্ষা। পাঁচটি ‘না’ হলো- সেশনজট ও ক্লাস নিয়ে অবহেলা, নারীর প্রতি অসহিষ্ণুতা, মাদক ও চাঁদাবাজি, ‘লাঞ্ছের পরে আসেন’ এবং র‍্যাগিং ও সাইবার বুলিং।

৯ দফা ইশতেহারে উল্লেখযোগ্য বিষয়গুলো হলো- জুলাই গণ-অভ্যুত্থানের স্পিরিটকে ধারণ করে ফ্যাসিবাদমুক্ত ক্যাম্পাস গঠনের প্রচেষ্টা এবং নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জড়িত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মচারীদের বিচার নিশ্চিত করে ভূমিকা রাখা। গণতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতি বজায় রাখতে প্রতিবছর জাকসু আদায়ের প্রতিশ্রুতি। সেশনজট নিরসনে অ্যাকাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়ন এবং মানোন্নয়ন পরীক্ষার সুযোগ সৃষ্টি করা। দলীয় বিবেচনায় শিক্ষক নিয়োগ বন্ধে সোচ্চার ভূমিকা ও কোর্স শেষে শিক্ষক মূল্যায়ন পদ্ধতি চালু। যেসব বিভাগে পর্যাপ্ত ক্লাসরুম ও শিক্ষক নেই, সেসব বিভাগের সমস্যা দূরীকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ। বিশ্ববিদ্যালয়ের প্রাণ-প্রকৃতি রক্ষায় পূর্ণাঙ্গ ইকোলজিক্যাল মাস্টারপ্ল্যান প্রণয়ন। র‍্যাগিং, গেস্টরুম কালচার ও সাইবার বুলিংয়ের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলা। ডাইনিংয়ে অন্তত ৫০ শতাংশ ভুতুর্কি আদায় করে সুলভমূল্যে মানসম্মত খাবার ও বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা। স্বাস্থ্যবীমা চালু করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। যৌন হয়রানি প্রতিরোধে ‘যৌন নিপীড়ন অভিযোগ সেল’ শক্তিশালীকরণ করা। সাইবার বুলিং, রেসিজমসহ অনলাইন-অফলাইনে নারীর প্রতি সব ধরনের বিদ্বেষপূর্ণ আচরণের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা। শিক্ষার্থীদের জন্য স্মার্ট আইডি কার্ড চালু। বিশেষ চাহিদাসম্পন্ন ও সব নৃগোষ্ঠীর অধিকার রক্ষা করা।

এ সময় আরিফ উল্লাহ বলেন, আমরা জয়ের ব্যাপারে আশাবাদী। বিজয়ী হলে দল-মত নির্বিশেষে সব শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে কাজ করে যাব।

সম্প্রীতির ঐক্য প্যানেলের ভিপি প্রার্থীর প্রার্থিতা বাতিল

জাকসু নির্বাচনে ছাত্র ইউনিয়নের সাবেক সভাপতি ও সম্প্রীতির ঐক্য প্যানেল থেকে ভিপি পদপ্রার্থী অমর্ত্য রায় জনের প্রার্থিতা বাতিল করেছে নির্বাচন কমিশন। গত শনিবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে প্রত্নতত্ত্ব বিভাগে ভর্তি হওয়া শিক্ষার্থী অমর্ত্য এখন আর নিয়মিত শিক্ষার্থী নন। তাই তিনি ভোটের ও প্রার্থী হওয়ার অযোগ্য। এ বিষয়ে জানতে যোগাযোগের চেষ্টা করা হলেও অমর্ত্য রায় জনের ফোন বন্ধ পাওয়া যায়।

নির্বাচন কমিশনের সদস্য সচিব অধ্যাপক রাশিদুল আলম বলেন, ‘সিভিকেটের সিদ্ধান্ত অনুযায়ী তার প্রার্থিতা বাতিল হয়েছে। বিস্তারিত রেজিস্ট্রার জানেন।’ ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আজিজুর রহমান বলেন, অমর্ত্য রায় ২০২১ সালে স্নাতক শেষ বর্ষে অকৃতকার্য হন। পরে দুবার বিশেষ পরীক্ষায়ও পাস করতে পারেননি। তিনি আর নিয়মিত শিক্ষার্থী নন।